গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর-২৯.০০.০০০০.২২৩.২০.০১৩.২৪-৫০ তারিখ: ২৭/০৩/২০২৫ খ্রি.

প্রাপকঃ চেয়ারম্যান
খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা।

বিষয়ঃ বিশেষ প্রকল্প কর্মসুচি হতে খাদ্যশস্য বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৩(তিন) পার্বত্য জেলার প্রত্যেকটি উপজেলায় বিঝু, সাংগ্রাই, বৈসু, বিষু, চাংক্রান, বিহু উৎসব উদযাপনের নিমিত্ত "বিশেষ প্রকল্প কর্মসূচীর" আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে খাদ্যশস্য বরাদ্দ প্রদানের জন্য চেয়ারম্যান, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ বরাবর ৬০০ (ছয়শত) মে.টন গম উপ-বরাদ্দ প্রদানের নিমিত্ত ছকে উল্লেখিত বরাদ্দ বিতরণের সরকারি মঞ্জুরি আদেশ নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

ক্রম. নম্বর	বরাদ্দ প্রদান সংস্থা	বরাদ্দের ধরণ	অনুমোদিত বরাদ্দ (গম)
০১	চেয়ারম্যান খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ	খাগড়াছড়ি পার্বত্য জেলার প্রত্যেকটি উপজেলায় বিঝু, সাংগ্রাই, বৈসু, বিষু, চাংক্রান, সাংক্রান, বিহু উৎসব উদযাপনের নিমিত্ত বরাদ্দ প্রদানের জন্য অনুদান	২০০ মেঃটঃ
০২	চেয়ারম্যান রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ	রাঙ্গামাটি পার্বত্য জেলার প্রত্যেকটি উপজেলায় বিঝু, সাংগ্রাই, বৈসু, বিষু, চাংক্রান, সাংক্রান, বিহু উৎসব উদযাপনের নিমিত্ত বরাদ্দ প্রদানের জন্য অনুদান	২০০ মেঃটঃ
০৩	চেয়ারম্যান বান্দরবানপার্বত্যজেলাপরিষদ	বান্দরবান পার্বত্য জেলার প্রত্যেকটি উপজেলায় বিঝু, সাংগ্রাই, বৈসু, বিষু, চাংক্রান, সাংক্রান, বিহু উৎসব উদযাপনের নিমিত্ত বরাদ্দ প্রদানের জন্য অনুদান	২০০ মেঃটঃ

০২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ-১, শাখা-৩ এর ৩০/০৬/২০২৪ তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০০২৮. ১৩(অ-২)-৯৮৩ নম্বর স্মারকমূলে ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেটে এ মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি, অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২২১০২ ত্রাণ কার্য গম খাতে বরাদ্দকৃত খাদ্যশস্যের বিভাজন অনুযায়ি বিশেষ প্রকল্প কর্মসূচি খাত হতে বহন করা হবে।

শর্তসমূহঃ

১. বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলার প্রত্যেকটি উপজেলায় বিঝু, সাংগ্রাই, বৈসু, বিষু, চাংক্রান, সাংক্রান, বিহু উৎসব উদযাপনের নিমিত্ত বিতরণের পরবর্তী অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

২. বরাদ্দকৃত খাদ্যশস্য ব্যবহারে বিশেষ প্রকল্প কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এই মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ গত ১৯/১০/২০০৬ তারিখে ৩০০ নম্বর স্মারকে জারিকৃত নীতিমালার শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য কঠোর ভাবে নির্দেশনা প্রদান করা হলো;

৩. বরাদ্দকৃত খাদ্যশস্যের হিসাব নিরীক্ষার জন্য দালিলিক প্রমাণকসহ যথোপযুক্তভাবে মাষ্টার রোল সংরক্ষণ করতে হবে এবং উপকারভোগীর সংখ্যা উল্লেখসহ খাদ্যশস্য ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৪. বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) স্থানীয় গুদাম হতে জরুরিভিত্তিতে উত্তোলন করতে হবে।

(মোহাম্মদ নাহিদ ইসলাম)
উপসচিব
ফোন-০২-৫৫১০০১২৩

চলমান পাতা-০২

নম্বর-২৯.০০.০০০০.২২৩.২০.০১৩.২৪- ৫০ তারিখ: ২৭/০৩/২০২৫ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৪. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
৫. মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।
৬. উপদেষ্টার একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. জেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা।
৯. সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

২৭/৩/২৫

(মোহাম্মদ নাহিদ ইসলাম)
উপসচিব